# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.bteb.gov.bd

স্মারক নং৫৭.১৭.০০০০.৪০৪.০২.০০১.২৩-৫৩

তারিখ: ১০ এপ্রিল ২০২৩ খ্রি.

## অফিস আদেশ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) বছর মেয়াদি এডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম চালুকরণের অনুমতি দেয়া যায় কিনা তার বাস্তব সুবিধাদি সরেজমিনে পরিদর্শন করার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাবৃন্দকে পরিদর্শনের দায়িত্ব দেয়া হলো। পরিদর্শনকারি কর্মকর্তাদেরকে প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক নিম্নস্বাক্ষরকারীর নিকট সুনির্দিষ্ট সুপারিশসহ প্রতিবেদন আগামী ২০ মে ২০২৩ খ্রি. তারিখের মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য পরিদর্শনকারি কর্মকর্তাগণকে বোর্ডের প্রচলিত নিয়মানুযায়ী টিএ/ডিএ প্রদান করা হবে।

| ক্রমিক ও কোড নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রার্থিত ট্রেড সমূহ | পরিদর্শনকারি কর্মকর্তাদের নাম ও পদবি | রিপোর্ট প্রদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১. | আইটি প্যালেস টেকনিক্যাল ইনস্টিটিউট<br>গ্রাম/মহল্লাঃ টাহরখীল, ডাকঘরঃ মহামায়া (৩৬০০)<br>থানাঃ চাঁদপুর সদর, জেলাঃ চাঁদপুর।<br>মোবাইল নম্বরঃ ০১৩২২৮৩৪৫৯৮<br>IT Palace Technical Institute (66072)<br>Vill: Tahorkhil, Post: Mohamaya (3600)<br>Upazilla: Sadar, District: Chandpur<br>Email: it.place.mohamaya@gmail.com | ১। কম্পিউটার টেকনোলজি | ১। অধ্যক্ষ/তাঁর মনোনীত প্রতিনিধি টিএসসি, চাঁদপুর।<br><br>২। জনাব মোঃ জহিরুল ইসলাম<br>সহকারী বিশেষজ্ঞ<br>(কোর্স এ্যাক্রিডিটেশন)<br>বাকাশিবো, ঢাকা। | ২০/০৫/২০২৩ খ্রিঃ এর মধ্যে |
| ২. | সফটটেক টেকনিক্যাল ইন্সটিটিউট<br>গ্রাম/মহল্লাঃ বারাজান, ডাকঘরঃ কাকিনা-৫৫২০<br>থানাঃ কালীগঞ্জ, জেলাঃ লালমনিহাট<br>মোবাইল নম্বরঃ ০১৭১৬-৩২৭০৮৯<br>Soft Tech Technical Institute<br>Vill: Barajan, Post: Kakina<br>Upazilla: Kaligonj, District: Lalmonirhat<br>Email: 15087lalkalbcti@gmail.com | ১। কম্পিউটার টেকনোলজি<br>২। ফাইন আর্টস<br>৩। ফিজিক্যাল এডুকেশন | ১। অধ্যক্ষ/তাঁর মনোনীত উপযুক্ত প্রতিনিধি, টিএসসি, লালমনিহাট।<br><br>২। জনাব মোঃ নওশাদ আলী,<br>ডকুমেন্টেশন অফিসার,<br>বাকাশিবো, ঢাকা। | ২০/০৫/২০২৩ খ্রিঃ এর মধ্যে |
| ৩. | ইয়থ কম্পিউটার হোমস্ টেকনিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট<br>গ্রাম/মহল্লাঃ সুয়াপাড়া, ডাকঘরঃ কালিয়াপাড়া-৩৬২০<br>থানাঃ শাহরাস্তি, জেলাঃ চাঁদপুর।<br>মোবাইল নম্বরঃ ০১৮১৩৭৭৪৪৮৬০<br>Youth Computer Home Technical Training Institute<br>Vill: Suapara, Post: Kaliapara-3620<br>Upazilla: Shahrasti, District: Chandpur<br>youthcomputer.shahrasti@gmail.com | ১। কম্পিউটার টেকনোলজি<br>২। ফাইন আর্টস<br>৩। ফিজিক্যাল এডুকেশন | ১। অধ্যক্ষ/তাঁর মনোনীত উপযুক্ত প্রতিনিধি, টিএসসি, চাঁদপুর।<br><br>২। জনাব মোঃ জহিরুল ইসলাম<br>সহকারী বিশেষজ্ঞ<br>(কোর্স এ্যাক্রিডিটেশন)<br>বাকাশিবো, ঢাকা। | ২০/০৫/২০২৩ খ্রিঃ এর মধ্যে |
| ৪. | ইমেজ এডভান্সড টিচার্স ট্রেনিং কলেজ, রংপুর<br>গ্রাম/মহল্লাঃ ৫০/১, মুন্সিপাড়া, ডাকঘরঃ রংপুর সদর<br>থানাঃ রংপুর সদর, জেলাঃ রংপুর।<br>মোবাইলঃ ০১৮১৩৭৭৪৪৮৬০<br>Image Advance Teachers Training College Rangpur<br>Vill: 50/1 Munshi para, Post: Rangpur Sadar, Upzilla: Rangpur Sadar, District: Rangpur | **আসন বৃদ্ধিঃ**<br>১। কম্পিউটার টেকনোলজি<br>১। ফাইন আর্টস | ১। অধ্যক্ষ/তাঁর মনোনীত উপযুক্ত প্রতিনিধি, টিএসসি, রংপুর।<br><br>২। জনাব মোঃ সুলতান হোসেন,<br>উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি),<br>বাকাশিবো, ঢাকা। | ২০/০৫/২০২৩ খ্রিঃ এর মধ্যে |
| ৫. | প্রতিভা প্রফেনাল ইনস্টিটিউট<br>গ্রাম/মহল্লাঃ পশ্চিম ব্রাহ্মন্দী, ডাকঘরঃ নরসিংদী সরকারি কলেজ, উপজেলাঃ নরসিংদী সদর, জেলাঃ নরসিংদী।<br>মোবাইলঃ ০১৫১১১৪২৩৬৬<br>Protiva Professional Institute<br>Vill: West Brahmondi, Post: Narsingdi Govt, Upzilla: Narsingdi, District: Narsingdi | ১। ফাইন আর্টস<br>২। ফিজিক্যাল এডুকেশন | ১। অধ্যক্ষ/তাঁর মনোনীত উপযুক্ত প্রতিনিধি, টিএসসি, নরসিংদী।<br><br>২। মোঃ মাছুম বিল্লাল সরদার<br>সহকারী পরিচালক (হিসাব ও নিরীক্ষ)<br>বাকাশিবো, ঢাকা। | ২০/০৫/২০২৩ খ্রিঃ এর মধ্যে |

১. প্রতিষ্ঠানের সম্মুখ ভাগের ছবি, টেকনোলজি ভিত্তিক ল্যাবের ছবি, শ্রেণিকক্ষ, অফিস ও বিদ্যমান অন্যান্য কক্ষের ছবি পরিদর্শনকারি কর্মকর্তাবৃন্দের স্বাক্ষরসহ প্রতিবেদনের সাথে দাখিল করতে হবে।

২. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ০১ (এক) বছর মেয়াদি এডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২১ এর ধারা ০৪ (গ) ও পরিশিষ্ট- ০১ মোতাবেক সাংগঠনিক কমিটি থাকার প্রমাণক দাখিল করতে হবে। এই শিক্ষাক্রম চালুর বিষয়ে সাংগঠনিক কমিটির রেজুলেশন বা সিদ্ধান্ত কপি প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৩. ০১ (এক) বছর মেয়াদি এডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম চালুকরণের লক্ষে সাংগঠনিক কমিটির সদস্য/উদ্যোক্তাদের আয়ের উৎস ও বাৎসরিক আয়ের রেকর্ড প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৪. উপজেলা সদর, পৌরসভা ও শিল্প এলাকার জন্য বিদ্যমান অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান থেকে আবেদনকৃত প্রতিষ্ঠানের ন্যূনতম দূরত্ব ০১ (এক) কিলোমিটার এবং অন্যান্য এলাকার জন্য ০২ (দুই) কিলোমিটার হতে হবে।

৫. নীতিমালা, ২০২১ এর ধারা ০৪ (ঙ) ও পরিশিষ্ট- ০৩ মোতাবেক প্রতিষ্ঠানের জন্য জমির পরিমান/ফ্লোর স্পেস/ভাড়াকৃত ভবন থাকতে হবে। ভাড়াকৃত ভবনের ক্ষেত্রে ৩০০ (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে ন্যূনতম ০৫ (পাচ) বছরের ভাড়ার চুক্তিনামা কপি প্রতিবেদনের সাথে দাখিল করতে হবে। প্রয়োজনীয় অবকাঠামোসহ প্রতিষ্ঠানের জমির ক্ষেত্রে জমির দলিল, খতিয়ান, নামজারি, খাজনা রশিদ, ডিসিআর ও মৌজা ম্যাপ কপি প্রতিবেদনের সাথে দাখিল করতে হবে।

৬. কক্ষের মোট সংখ্যা ও মোট স্পেস প্রতিবেদনে উল্লেখ করতে হবে। ভৌত অবকাঠামোর লে-আউট প্ল্যান কপি প্রতিবেদনের সাথে দাখিল করতে হবে।

৭. উন্নত যোগাযোগ ব্যবস্থা আছে কিনা দেখতে হবে। বৈধ বিদ্যুৎ সংযোগ থাকার প্রমাণক দাখিল করতে হবে।

৮. কোনো তফসিলি ব্যাংকে প্রতিষ্ঠানের নামে সাধারণ তহবিলে নূন্যতম ১ (এক) লক্ষ টাকা থাকতে হবে। সংরক্ষিত তহবিলে ন্যূনতম ০২ (দুই) লক্ষ টাকা স্থায়ী আমানত হিসেবে থাকতে হবে। তবে ব্যক্তির নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে অতিরিক্ত ০৩ (তিন) লক্ষ টাকা স্থায়ী আমানত হিসেবে প্রতিষ্ঠানের নামে থাকতে হবে। অর্থাৎ কোনো প্রতিষ্ঠানের নাম ব্যক্তির নামের ক্ষেত্রে মোট ০৫ (পাঁচ) লক্ষ টাকা স্থায়ী আমানত হিসেবে থাকতে হবে।

৯. প্রতিষ্ঠানে শিক্ষা উপযোগী পর্যাপ্ত ক্লাসরুম এবং ল্যাব/ওয়ার্কশপ আছে কিনা তার প্রমাণক দাখিল করতে হবে।

১০. প্রশিক্ষণ উপযোগী পর্যাপ্ত যন্ত্রপাতি, প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট, প্রাথমিক চিকিৎসা উপকরণ (ফাস্ট এইড বক্স), অগ্নি নির্বাপক যন্ত্র (ফায়ার এস্টিংগুইসার) আছে কিনা দেখাতে হবে। টেকনোলজি ভিত্তিক যন্ত্রপাতির তালিকা এবং যন্ত্রপাতি ক্রয়ের মূল ভাউচার পরীক্ষা করে তার ফটোকপি প্রতিবেদনের সাথে দাখিল করতে হবে।

১১. নীতিমালা, ২০২১ মোতাবেক টেকনোলজি ভিত্তিক প্রশিক্ষণ উপযোগী পর্যাপ্ত আসবাবপত্র ও শিক্ষা উপকরণ থাকার প্রমাণক ও তালিকার কপি প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১২. নীতিমালা, ২০২১ মোতাবেক টেকনোলজি সংশ্লিষ্ট প্রয়োজনীয় সংখ্যক (প্রতি বিষয়ে ন্যূনতম ১০০ টি) পাঠ্যপুস্তক ও অন্যান্য বই থাকার প্রমাণক ও তালিকা দাখিল করতে হবে।

১৩. নীতিমালা, ২০২১ এর ধারা ০৪ (ড) ও পরিশিষ্ট- ০৬ মোতাবেক প্রতিষ্ঠানে যোগ্যতাসম্পন্ন শিক্ষক ও কর্মচারী থাকার প্রমাণক ও তালিকা দাখিল করতে হবে।

১৪. নীতিমালা, ২০২১ এর পরিশিষ্ট- ১৩ মোতাবেক ৩০০ (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে মূল অঙ্গীকারনামার কপি দাখিল করতে হবে।

১৫. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ০১ (এক) বছর মেয়াদি এডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রাতিষ্ঠান পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২১ এ উল্লিখিত পাঠদানের শর্তাবলি পূরণ করা হয়েছে কিনা তা নিশ্চিত হতে হবে।

১৬. সাংগঠনিক কমিটির গ্রুপ ভিত্তিক ছবি দিতে হবে।

১৬. পুকুর ও মাঠের চুক্তিপত্র/সম্মতিপত্র দাখিল করতে হবে।

১৭. টেকনোলজি উল্লেখপূর্বক সুনির্দিষ্ট/সুস্পষ্ট মতামতসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করতে হবে।

১০.০৪.২০২৩

**(বি.এম. আমিনুল ইসলাম)**
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
inspector@bteb.gov.bd

স্মারক নং৫৭.১৭.০০০০.৪০৪.০২.০০১.২৩-৫৩ (০৭)

তারিখ: ১০ এপ্রিল ২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২-৩. জনাব.........................................................................।
০৪. অধ্যক্ষ/পরিচালক.........................................................................।
০৫. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৭. সংরক্ষণ নথি।

১০.০৪.২০২৩

**(মুহঃ আব্দুর রাজ্জাক মিঞা)**
উপ পরিদর্শক (শর্ট কোর্স)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
dishort.bteb@gmail.com